

## 💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৬৬৫

পরিচ্ছেদঃ তরবারীর ছায়ার নীচে জান্নাতের দ্বার প্রসঙ্গে।

باب مَا ذُكِرَ أَنَّ أَبْوَابَ الْجَنَّةِ تَحْتَ ظِلاَلِ السُّيُوفِ

## আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا جَعْفَرُ بْنُ سُلَيْمَانَ الضَّبَعِيُّ، عَنْ أَبِي عِمْرَانَ الْجَوْنِيِّ، عَنْ أَبِي بَكْرِ بْنِ أَبِي مُوسَى الْأَشْعْرِيِّ، قَالَ سَمِعْتُ أَبِي بِحَضْرَةِ الْعَدُقِ، يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنَّ أَبْوَابَ الْجَنَّةِ تَحْتَ ظِلاَلِ السُّيُوفِ ". فَقَالَ رَجُلٌ مِنَ الْقَوْمِ رَتُ الْهَيْئَةِ أَأَنْتَ سَمِعْتَ هَذَا مِنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم يَذْكُرُهُ قَالَ نَعَمْ . فَرَجَعَ الْهَيْئَةِ أَأَنْتَ سَمِعْتَ هَذَا مِنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم يَذْكُرُهُ قَالَ نَعَمْ . فَرَجَعَ الْهَيْقَةِ أَأَنْتَ سَمِعْتَ هَذَا مِنْ يَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم يَذْكُرُهُ قَالَ نَعَمْ . فَرَجَعَ إِلَى أَصِحْابِهِ فَقَالَ أَقْرَأُ عَلَيْكُمُ السَّلاَمَ . وَكَسَرَ جَفْنَ سَيْفِهِ فَضَرَبَ بِهِ حَتَّى قُتِلَ . قَالَ إِلَى أَصِحْدِيثِ جَعْفَرِ بْنِ سُلَيْمَانَ الضَّبُعِيّ . أَبُو عِيسَى هَذَا حَدِيثُ حَسَنٌ غَرِيبُ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ جَعْفَرِ بْنِ سُلَيْمَانَ الضَّبُعِيّ . وَأَبُو عِيسَى هَذَا حَدِيثُ حَسَنٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ جَعْفَرِ بْنِ سُلَيْمَانَ الضَّبُعِيّ . وَأَبُو عِيسَى هَذَا حَدِيثُ حَسَنٌ عَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ جَعْفَرِ بْنِ سُلَيْمَانَ الضَّابَعِيّ . وَأَبُو بَكْرِ بْنُ أَبِي مُوسَى قَالَ أَحْمَدُ بْنُ حَبِيبٍ وَأَبُو بَكْرِ بْنُ أَبِي مُوسَى قَالَ أَحْمَدُ بْنُ حَبِيبٍ وَأَبُو بَكْرِ بْنُ أَبِي مُوسَى قَالَ أَحْمَدُ بْنُ

## বাংলা

১৬৬৫। কুতায়বা (রহঃ) ... আবৃ বকর ইবনু আবৃ মূসা আশ'আরী থেকে বর্ণিত। তিনি বলেন, আমার পিতাকে শত্রু সম্মুখীন অবস্থায় বলতে শুনেছি যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তরবারীর ছায়ার নীচে জান্নাতের দ্বার। সমবেত লোকদের একজন জীর্ণশীর্ণ অবস্থার লোক বললােঃ আপনি কি নিজে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-কে এই কথা বলতে শুনেছেন? আবৃ মূসা রাদিয়াল্লাছ্ আনহু বললেন, হ্যাঁ। তখন লোকটি তার সঙ্গীদের কাছে ফিরে গিয়ে বললাে, আমি তোমাদের সালাম জানাচ্ছি এবং সে তার তলােয়ারের খাপ ভেঙ্গে ফেললাে এবং তলােয়ার দিয়ে (শক্রুদের উপর) আঘাত করতে লাগল। শেষ পর্যন্ত শহীদ হয়ে গেলেন। সহীহ, ইরওয়া ৫/৭, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৬৫৯ [আল মাদানী প্রকাশনী]

এই হাদীসটি হাসান-গারীব। জা'ফার ইবনু সুলায়মানের সূত্র ছাড়া হাদীসটি সম্পর্কে আমরা অবগত নই। রাবী আবৃ ইমরান জাওনীর নাম হল আবদুল মালিক ইবনু হাবীব (রহঃ)। আবৃ বকর ইবনু আবৃ মূসা সম্পর্কে আহমাদ ইবনু হাম্বাল বলেন, এ হল তার নামই (কুনিয়াত নয়)।



## **English**

Narrated Abu Bakr bin Abi Musa Al-Ash'ari:

"I heard my father saying in the presence of the enemy: 'The Messenger of Allah (ﷺ) said: "Indeed, the gates of Paradise are under the shadows of the swords.'" A man among the people with ragged appearance said: 'Have you heard what you mentioned from the Messenger of Allah (ﷺ)?' He said: 'Yes.' So he returned to his comrades and bid them Salam (farewell), broke the sheath of his sword, and began fighting with it until he was killed."

[Abu 'Eisa said:] This Hadith is Sahih Gharib. We do not know it except as a narration of Ja'far bin Sulaiman [Ad-Dubai']. (One of the narrators) Abu 'Imran Al-Jawni's name is 'Abdul Malik bin Habib. As for Abu Bakr bin Abi Musa, Ahmad bin Hanbal said: "That is his name."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু বকর ইবন মূসা (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন